# 13982 - কোন নারীর জরায়ুমুখ থেকে কিছু নমুনা নেয়া হলে কি রোযা ভেঙ্গে যায়?

## প্রশ্ন

রোযা অবস্থায় স্মিয়ার টেস্ট করা কি জায়েজ? এক্ষেত্রে নার্স জরায়ুমুখ থেকে কিছু নমুনা গ্রহণ করে?

## প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

রোযাদার নারীর স্মিয়ার টেস্ট ও জরায়ুমুখ থেকে নমুনা নেয়ার ফলে যদি বীর্যপাত হয়; তাহলে এতে তার রোযা ভেঙ্গে যাবে। কেননা এর মধ্যে যৌনসুখ রয়েছে। আর যদি কোন যৌনসুখ ছাড়া নিছক নমুনা নেয়া হয়; তাহলে এতে করে রোযা ভঙ্গ হবে না। তবে এই টেস্টটি ইফতারের পর রাতের বেলায় করা উত্তম।